গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ও দায়রা জজ আদালতের কার্যালয়, রাজশাহী
(প্রশাসন শাখা)

rajshahi.judiciary.gov.bd

নং-২২/(ক)/জি,

তারিখ: ১৪ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ
২৮ জানুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

# অফিস আদেশ

রাজশাহী জেলা ও দায়রা জজ আদালতের জারীকারক জনাব কাজী মোঃ শওকত আলীর জন্ম তারিখ ১৫/০২/১৯৬৬ ইং হওয়ায় আগামী ১৪/০২/২০২৫ ইং তারিখে তাহার বয়স ৫৯ বৎসর পূর্ণ হইবে। সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা ৪৩(১)(ক) অনুযায়ী আগামী ১৪/০২/২০২৫ ইং তারিখ তাহাকে সরকারি চাকরি হইতে অবসর প্রদান করা হইল। একই আইনের ধারা-৪৭ এর বিধান অনুযায়ী তাহার অনুকূলে আগামী ১৫/০২/২০২৫ ইং তারিখ হইতে ১৪/০২/২০২৬ ইং তারিখ পর্যন্ত ০১ (এক) বৎসর তথা ১২ (বারো) মাস পূর্ণ গড় বেতনে অবসরোত্তর ছুটি (পি.আর.এল) মঞ্জুর করা হইল।

পূর্ণ গড় বেতনে অর্জিত ছুটি প্রাপ্য থাকায় তাহাকে চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ এর অনুচ্ছেদ ১০ এর উপ-অনুচ্ছেদ (২)(খ) মোতাবেক তাহার ১৮ (আঠার) মাসের অর্জিত ছুটির নগদায়ন (লাম্প গ্রান্ট) প্রদানে অনুমতি প্রদান করা হইল। তাহার সর্বশেষ মূল বেতন ২১,৪১০/- টাকা হওয়ায় তিনি লাম্প গ্রান্ট হিসাবে ১৮ (আঠারো) মাসের মূল বেতনের সম পরিমাণ অর্থ (২১,৪১০×১৮) = ৩,৮৫,৩৮০/- (তিন লক্ষ পঁচাশি হাজার তিন শত আশি) টাকা প্রাপ্ত হইবেন।

তাহার সাধারণ ভবিষ্য তহবিল হিসাব নং- বিচার/রাজ/১৪৭, বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, রাজশাহী বিভাগ, রাজশাহীর চূড়ান্ত পাওনা পরিশোধের অথরিটি প্রাপ্তি সাপেক্ষে তাহাকে জমাকৃত আসল ও সুদসহ সমুদয় অর্থ উত্তোলনের অনুমতি প্রদান করা হইল।

তাহাকে আগামী ১৪/০২/২০২৫ ইং তারিখ অপরাহ্নে তাহার দায়িত্ব হইতে অবমুক্ত করতঃ অবসরোত্তর ছুটিতে যাওয়ার অনুমতি প্রদান করা গেল।

তিনি বিধি মোতাবেক অবসর ও অবসরোত্তর ছুটিকালীন সরকারি সুবিধাদি প্রাপ্ত হইবেন।

সংশ্লিষ্ট সকলকে জানানো হউক।

২৮/০১/২০২৫

(গোলক চন্দ্র বিশ্বাস),
সিনিয়র জেলা ও দায়রা জজ,
রাজশাহী
ই-মেইল: districtjudgecourt.rajshahi@gmail.com

স্মারক নং- ২২(ক)/২৫-(৪)/জি,

তারিখ: ১৪ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ
২৮ জানুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হইল:

১। ভারপ্রাপ্ত জজ, নেজারত বিভাগ/হিসাব বিভাগ, জেলা ও দায়রা জজ আদালত, রাজশাহী,
২। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, রাজশাহী বিভাগ, রাজশাহী,
৩। জনাব কাজী মোঃ শওকত আলী, জারীকারক, নেজারত বিভাগ, জেলা ও দায়রা জজ আদালত, রাজশাহী ও
৪। অফিস কপি।

আদেশক্রমে-

(মোঃ ফজলে রাব্বী),
প্রশাসনিক কর্মকর্তা,
জেলা জজ আদালত, রাজশাহী।